

■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮:২

💵 আরবি মূল আয়াত:

بَلِ الَّذِينَ كَفَرُوا فِي عِزَّةٍ وَّ شِقَاقٍ ﴿٢﴾

বস্তুত কাফিররা আত্মস্তরিতা ও বিরোধিতায় রয়েছে। — আল-বায়ান

কিন্তু কাফিররা আত্মম্বরিতা আর বিরোধিতায় নিমজ্জিত। — তাইসিরুল

কিন্তু কাফিরেরা ঔদ্ধত্য ও বিরোধিতায় ডুবে আছে। — মুজিবুর রহমান

But those who disbelieve are in pride and dissension. — Sahih International

২, বরং কাফিররা ঔদ্ধত্য ও বিরোধিতায় নিপতিত আছে।

তাফসীরে জাকারিয়া

(২) কিন্তু অবিশ্বাসীরা ঔদ্ধত্য ও বিরোধিতায় ডুবে আছে। [1]

[1] অর্থাৎ, এই কুরআন অবশ্যই সন্দেহমুক্ত এবং এর দ্বারা যারা শিক্ষা অর্জন করতে চায় তাদের জন্য নসীহত। তবে এর দ্বারা কাফেরদের কোন উপকার হয় না। কারণ তাদের মনে অহংকার ও গর্ব আছে এবং অন্তরে আছে শক্রতা ও বিরোধিতা। عِزَّة __শব্দটির অর্থ হয়ঃ সত্যের বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করা।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3972

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন